

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নং -৩৮.০১.০০০০.৯০০.১০.০০২.২৪-১৬ ২৪

তারিখ: কার্তিক ১৪৩২
নভেম্বর ২০২৫


বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় ব্রডবেন্ড ইন্টারনেট সংযোগকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাসিক ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত।

সূত্র: ৩৮.০১.০০০০.১৫২.০২০.৩৬৭.২০২৫-৫৯১, তারিখ: ২৮ অক্টোবর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থ বছরে সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ইন্টারনেট কোড (৩২১১১১৭)-এ মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ নিম্নের শর্তানুসারে ব্যয় করা যাবে-

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় ব্রডবেন্ড ইন্টারনেট সংযোগকৃত সর্বশেষ ২৯,৭৮২টি বিদ্যালয়ের জন্য এই খাত হতে মাসিক বিল পরিশোধ করা যাবে।
২. সর্বশেষ ইডিসি কর্তৃক সংযোগকৃত ৭,৩৩৭টি বিদ্যালয়ের গ্রামীনফোনের সংযোগ ১ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে বিচ্ছিন্ন হবে।
৩. যে সকল বিদ্যালয়ে গ্রামীনফোনের ইন্টারনেট ডাটা কানেক্টিভিটি সার্ভিস চালু রয়েছে, সে সকল বিদ্যালয়ের জন্য এই খাত থেকে কোন অর্থ ব্যয় করা যাবে না। উল্লেখ্য, গ্রামীনফোন কর্তৃক ইন্টারনেট ডাটা কানেক্টিভিটি প্রদানকৃত বিদ্যালয়ের মাসিক বিল প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে প্রদান করা হয়।
৪. ভুলবশত কোন বিদ্যালয়ে ২টি সংযোগই চালু থাকলে, গ্রামীনফোনের সংযোগ বিচ্ছিন্ন করার জন্য বিষয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগ বরাবর পত্রের মাধ্যমে অবহতি করতে হবে।
৫. ইডিসি ও গ্রামীনফোনের সংযোগবিহীন বিদ্যালয়সমূহের জন্য উক্ত খাত হতে ইন্টারনেট সংযোগ বাবদ মাসিক ১০০০ (এক হাজার) টাকা ট্যাক্স ও ভ্যাটসহ নির্বাহ করা যাবে।

২। এমতাবস্থায়, “উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার”-গণকে বর্ণিত নির্দেশনা মেনে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাসিক ইন্টারনেট বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোহাম্মদ শাহিদুল ইসলাম)

যুগ্মসচিব

পরিচালক (তথ্য ব্যবস্থাপনা বিভাগ)

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

-----উপজেলা।

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।